সীমিত

কার্যালয়
কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল
নিউ মুরিং, চট্টগ্রাম
www.navy.mil.bd

ফোন ঃ ৭৪০৩৯১-৯ বর্ধিত ৪১০৪
ই-মেইলঃ comchitcso@navy.mil.bd

৩০ আষাঢ় ১৪২৭

২৩.০২.১৫২৮.৩৬০.৪৬.২৬৬.২০. ৩২৭৭ — ১৪ জুলাই ২০২০

**চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত DANGEROUS GOODS ছাড়করণের লক্ষ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল প্রসংগে।**

সূত্র ঃ

ক। The Dangerous Cargo Act 1953.
খ। Standing Order For the Working of Vessels Carrying Dangerous Cargo in the Port of Chattogram.
গ। Regulations for Working of Chattogram Port
ঘ। আমদানী নীতি আদেশ ও রপ্তানী নীতি আদেশ ২০১৫-২০১৮
ঙ। International Maritime Dangerous Goods (IMDG) Code.
চ। অস্ত্র আইন ১৯৭৮।
ছ। বিস্ফোরক আইন ১৮৮৪।
জ। অস্ত্র বিধিমালা ১৯৮৪।
ঝ। বিস্ফোরক বিধিমালা ২০০৪।
ঞ। কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল পত্র নং ২৩.০২.১৫২৮.৩৬০.৪৬.২৬৬.১৭.৪৫৮১ তারিখ ১৫ অক্টোবর ২০১৭

১। চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত সকল প্রকার Dangerous Goods (DG) ছাড়করণের জন্য শিপিং/ফরোয়ার্ডিং এজেন্ট কর্তৃক ASYCUDA সফটওয়্যার এর মাধ্যমে অত্র কার্যালয়ের অধীন Dangerous Cargo Inspection Office বরাবর Import General Manifest (IGM) প্রেরণ করা হয়। সূত্র খ ও গ মোতাবেক জাহাজ বন্দরে ভিড়ার অন্ততঃ ২৪ ঘন্টা পূর্বে IGM প্রেরণের বিধান আছে। IGM প্রেরণের পর Dangerous Cargo Inspection Office, IGM যাচাই করে এবং সংশ্লিষ্ট আমদানিকৃত পণ্য ছাড়করণে দেশের প্রচলিত আইন বিধি বিধান অনুযায়ী যে সকল দলিলাদি প্রয়োজন তা ASYCUDA তে উল্লেখ করে চাহিদাকৃত দালিলাদি দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট পণ্য ছাড়করণের অনুমোদন প্রদান করা হয়। উল্লেখ্য আমদানীকৃত DG পণ্য যথাসম্ভব দ্রুত ছাড়করণে অত্র কার্যালয় সর্বদা সচেষ্ট থাকে।

২। বাস্তব অভিজ্ঞতায় দেখা যায় যে DG পণ্য আমদানীর পর ছাড়করণের জন্য প্রয়োজনীয় দলিলাদি সময়মত জমা দিতে ব্যর্থ হওয়ায় আমদানিকৃত পণ্য ছাড়করণে বিলম্ব হয় এবং ক্ষেত্র বিশেষে ছাড়করণ করা সম্ভব হয়না। বস্তুত DG পণ্য আমদানীর পর ছাড়করণের জন্য কি কি দলিল প্রয়োজন হয় সে বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/এজেন্টগণ অবগত/সচেতন নয় মর্মে প্রতীয়মান। এই প্রেক্ষিতে আমদানীকৃত DG পণ্য ছাড়করণের জন্য পণ্যের টেকনিক্যাল/রাসায়নিক নাম অনুযায়ী প্রয়োজনীয় দলিলাদি এর তালিকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/এজেন্টগণকে অবগত করার নিমিত্তে ইতিপূর্বে সূত্র ঞ এর মাধ্যমে প্রেরণ করা হয়েছিল। প্রেরিত তালিকাটি ঈষৎ পরিবর্তন ও যুগোপযোগী করতঃ অত্র পত্রের সংলগ্নী হিসেবে পুনরায় প্রেরণ করা হল। DG পণ্য ছাড়করণ প্রক্রিয়া ত্বরান্বিতকরণের জন্য সংলগ্নীতে বর্ণিত তালিকা অনুযায়ী প্রয়োজনীয় দলিলাদি যথাসময়ে দাখিলের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/এজেন্টকে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

এম জহিরুল হক
ক্যাপ্টেন বিএন
পক্ষে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল

সংলগ্নী ঃ

১। ডিজি পণ্য ছাড়করণের জন্য প্রয়োজনীয় দলিলাদি এর তালিকা - ০৫ (পাঁচ) পাতা।

বিতরণঃ

বহিস্থ ঃ

## ডিজি পণ্য ছাড়করণের জন্য প্রয়োজনীয় দলিলাদি

| ক্রঃ নং | বিপদজনক পণ্যের নাম | প্রয়োজনীয় দলিলাদি | প্রদানকারী কর্তৃপক্ষ | প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | প্রথম শ্রেণীর (ক্লাস-১) বিস্ফোরক (ইউএন নং (০০০১- ০৫০৯) পরিবর্তনশীল | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | ডাইরেক্ট ডেলিভারি |
| | | ২। বিস্ফোরক আমদানির লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | বিস্ফোরক বিধিমালা ২০০৪, বিধি ১৬০ অষ্টম অধ্যায় | |
| | | ৩। বিস্ফোরক পরিবহণের লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | বিস্ফোরক বিধিমালা ২০০৪, বিধি ১৫৯ (৬) অষ্টম অধ্যায় | |
| | | ৪। বিস্ফোরক ব্যবহারের জন্য অধিকারে রাখার লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | বিস্ফোরক বিধিমালা ২০০৪,বিধি - ১৬১ অষ্টম অধ্যায় | |
| | | ৫। আমদানি স্বত্ব | প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৪) ষষ্ঠ অধ্যায় | |
| | | ৬। পরিবহন লাইসেন্স | চট্টগ্রাম জেলা প্রশাসক | চট্টগ্রাম জেলা প্রশাসকের স্মারক নং ০০.২০.১৫০০.১৩.০৩.১০.১৩.৬১৫ তারিখ ২৬-১০-২০১৪ | |
| ২। | অ্যামোনিয়াম নাইট্রেট (ক্লাস-১.১ ও ৫.১) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | ডাইরেক্ট ডেলিভারি |
| | | ২। অ্যামোনিয়াম নাইট্রেট আমদানির লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | অ্যামোনিয়াম নাইট্রেট বিধিমালা ২০১৮ এনা ১০(ক) নবম অধ্যায় | |
| | | ৩। অ্যামোনিয়াম নাইট্রেট দখলে রাখার লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | অ্যামোনিয়াম নাইট্রেট বিধিমালা ২০১৮ এনা ৮(ক) নবম অধ্যায় | |
| | | ৪। অ্যামোনিয়াম নাইট্রেট ব্যবহারের লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | অ্যামোনিয়াম নাইট্রেট বিধিমালা ২০১৮ এনা ৯(খ) নবম অধ্যায় | |
| | | ৫। আমদানি স্বত্ব | প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৪) ষষ্ঠ অধ্যায় | |
| | | ৬। পরিবহন লাইসেন্স | চট্টগ্রাম জেলা প্রশাসক | চট্টগ্রাম জেলা প্রশাসকের স্মারক নং- ০০.২০. ১৫০০.১৩.০৩. ১০.১৩.৬১৫ তারিখ ২৬-১০-২০১৪ | |
| ৩। | গ্যাস সিলিন্ডার (ক্লাস -২) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | | ডাইরেক্ট ডেলিভারি |
| | | ২। আমদানির লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | গ্যাস সিলিন্ডার বিধিমালা ১৯৯১ এর বিধি ৪৩ (৫) অষ্টম পরিচ্ছেদ (পৃষ্ঠা ১৯) | |
| | | ৩। আমদানির লাইসেন্স/অনুমতি পত্র (শুধুমাত্র ওজনস্তর ক্ষয়কারী গ্যাস) | পরিবেশ অধিদপ্তরের | ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রন) বিধিমালা ২০০৪ প্যারা ৫, ১৩ এবং আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৫৬) ষষ্ঠ অধ্যায় | |
| | | ৪। আমদানির সুপারিশ (শুধুমাত্র ইথিলিন অক্সাইড গ্যাস সিলিন্ডার) | প্রশাসনিক মন্ত্রণালয় বা বিনিয়োগ বোর্ড বা ঔষধ প্রশাসন অধিদপ্তর | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(২৬) ষষ্ঠ অধ্যায় | |



সীমিত

| ক্রঃ নং | বিপদজনক পণ্যের নাম | প্রয়োজনীয় দলিলাদি | প্রদানকারী কর্তৃপক্ষ | প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪। | প্রজ্বলনীয় কঠিন পদার্থ, জারক পদার্থ, বিষাক্ত পদার্থ ঃ<br>ক। সালফার (ক্লাস ৪.১),<br>খ। পটাশিয়াম নাইট্রেট (ক্লাস ৫.১)<br>গ। পটাশিয়াম ক্লোরেট (ক্লাস ৫.১)<br>পরিবর্তনশীল | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | ডাইরেক্ট ডেলিভারি |
| | | ২। আমদানির অনাপত্তি পত্র। | প্রধান বিস্ফোরক পরিদর্শক | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(১/খ)<br>ষষ্ঠ অধ্যায় | |
| | | ৩। আমদানিস্বত্ব | প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৪)<br>ষষ্ঠ অধ্যায় | |
| | | ৪। আমদানি, পরিবহণ, ব্যবহার ও মজুদের লাইসেন্স | চট্টগ্রাম জেলা প্রশাসক | অস্ত্র বিধিমালা ১৯২৪ (বিধি ৮, ৯, ২৪, ২৮ (১), ২৮ (২), ৩১ | |
| | | ৫। পরিবহন লাইসেন্স | চট্টগ্রাম জেলা প্রশাসক | চট্টগ্রাম জেলা প্রশাসকের স্মারক নং-<br>০০.২০.১৫০০.১৩.০৩.১০.১৩.৬১৫ তারিখ ২৬-১০-২০১৪ | |
| ৫। | প্রজ্বলনীয় কঠিন পদার্থ, জারক পদার্থ, বিষাক্ত পদার্থ ঃ<br>ক। ফসফরাস (ক্লাস ৪.১)<br>খ। বেরিয়াম নাইট্রেট (ক্লাস ৫.১)<br>গ। সোডিয়াম নাইট্রেট (ক্লাস ৫.১)<br>ঘ। অ্যালুমিনিয়াম পাউডার(ক্লাস ৪.৩)<br>ঙ। আর্সেনিক সালফাইড (ক্লাস ৬.১)<br>পরিবর্তনশীল | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির অনাপত্তি পত্র। | প্রধান বিস্ফোরক পরিদর্শক | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(১/খ)<br>ষষ্ঠ অধ্যায় | |
| | | ৩। আমদানিস্বত্ব | প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৪)<br>ষষ্ঠ অধ্যায় | |
| | | ৪। পরিবহন লাইসেন্স | চট্টগ্রাম জেলা প্রশাসক | চট্টগ্রাম জেলা প্রশাসকের স্মারক নং-<br>০০.২০. ১৫০০.১৩.০৩.১০.১৩.৬১৫ তারিখ ২৬-১০-২০১৪ | |
| ৬। | এসিড (ক্লাস ৮ )ঃ<br>ক। সালফিউরিক এসিড<br>খ। হাইড্রোক্লোরিক এসিড<br>গ। নাইট্রিক এসিড<br>ঘ। ফসফরিক এসিড<br>ঙ। কার্বলিক এসিড<br>চ। কস্টিক পটাশ<br>ছ। ব্যাটারী ফ্লুইড এসিড<br>জ। ক্রোমিক এসিড)<br>পরিবর্তনশীল | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। এসিড আমদানির ছাড়পত্র | বানিজ্য মন্ত্রণালয় | এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২, এসিড নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৪, আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৯)<br>ষষ্ঠ অধ্যায় | |
| | | ৩। এসিড আমদানির লাইসেন্স | স্বরাষ্ট্র মন্ত্রণালয়র | এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২, এসিড নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৪, আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৯)<br>ষষ্ঠ অধ্যায় | |
| | | ৪। এসিড উৎপাদন লাইসেন্স | স্বরাষ্ট্র মন্ত্রণালয়র | এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২, এসিড নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৪, আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৯)<br>ষষ্ঠ অধ্যায় | |
| | | ৫। এসিড ব্যবহার, পরিবহণ ও বিক্রয়ের লাইসেন্স | জেলা প্রশাসক | এসিড নিয়ন্ত্রণ আইন ২০০২, এসিড নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৪, আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৯)<br>ষষ্ঠ অধ্যায় | |


সীমিত

| ক্রঃ নং | বিপদজনক পণ্যের নাম | প্রয়োজনীয় দলিলাদি | প্রদানকারী কর্তৃপক্ষ | প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৭। | ক্যালসিয়াম কার্বাইড (ক্লাস ৪.৩) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির অনাপত্তি পত্র। | প্রধান বিস্ফোরক পরিদর্শক | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(১/খ) ষষ্ঠ অধ্যায় | |
| | | ৩। আমদানিস্বত্ব | প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৪) ষষ্ঠ অধ্যায় | |
| | | ৪। আমদানি ও মজুদের লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | কার্বাইড বিধিমালা ২০০৩ | |
| | | ৫। পরিবহন লাইসেন্স | চট্টগ্রাম জেলা প্রশাসকর | চট্টগ্রাম জেলা প্রশাসকের স্মারক নং- ০০.২০.১৫০০.১৩.০৩.১০.১৩.৬১৫ তারিখ ২৬-১০-২০১৪ | |
| ৮। | প্রথম শ্রেণীর পেট্রোলিয়ামজাত পণ্য (ক্লাস ৩ ঃ মিথানল, এসিটোন, বিউটানল, বেনজিন, টলুইন, জাইলিন, থিনার, হেপ্টেন, হেক্সেন ইথাইল এসিটেট, ইথানল, আইসোপ্রোপানল, সাইক্লোপেনটেন, মিথাইল ইথাইল কিটোন,এবং IMDG Code এর ৩য় শ্রেণীভূক্ত যাদের ফ্লাস পয়েন্ট ২৩ ডিগ্রির নিচে) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির অনাপত্তি পত্র/ লাইসেন্স (ফ্লাস পয়েন্ট ২৩ ডিগ্রি সেলসিয়াস এর নিচে) | প্রধান বিস্ফোরক পরিদর্শক | পেট্রোলিয়াম আইন-১৯৩৪ | |
| | | ৩। আমদানিস্বত্ব (শুধুমাত্র মিথানল) | প্রধান নিয়ন্ত্রক আমদানি ও রপ্তানি | আমদানি নীতি আদেশ প্যারা ২৪(৩৯) | |
| | | ৪। আমদানির অনুমতিপত্র (প্রিকারসর কেমিকেল সমূহ) | মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-১৯৯০ | |
| | | ৫। অনুমতিপত্র (শুধুমাত্র ইথানল) | ঔষধ প্রশাসন অধিদপ্তর | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(৪৮) ষষ্ঠ অধ্যায় | |
| | | ৬। মজুদের লাইসেন্স (এইচ এস কোড ২৭০৯ থেকে ২৭১৩) | বাংলাদেশ ইনার্জি রেগুলেটরী কমিশন | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(২৭) ষষ্ঠ অধ্যায় | |
| ৮। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন দ্বারা নিয়ন্ত্রিত প্রিকারসর কেমিকেলসমূহ ঃ এসিটোন(ক্লাস ৩, টলুইন(ক্লাস৩), এসিটিক এন হাইড্রাইড (ক্লাস ৮), মিথাইল ইথাইল কিটোন (ক্লাস ৩), পটাশিয়াম পার ম্যাঙ্গানেট(ক্লাস ৫.১) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির অনাপত্তি পত্র/ লাইসেন্স | প্রধান বিস্ফোরক পরিদর্শক | পেট্রোলিয়াম আইন-১৯৩৪ | |
| | | ৩। আমদানির অনুমতিপত্র (প্রিকারসর কেমিকেল সমূহ) | মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-১৯৯০ | |

| ক্রমিক নং | বিপদজনক পণ্যের নাম | প্রয়োজনীয় দলিলাদি | প্রদানকারী কর্তৃপক্ষ | প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৯। | ৭। পেস্টিসাইড/সার (IMDG Code ক্লাস- ৬ এবং ৮) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির লাইসেন্স ও নিবন্ধন সনদ | কৃষি মন্ত্রণালয় | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(১৪) ষষ্ঠ অধ্যায় | |
| | | ৩। সদস্যপদ (শুধুমাত্র সার এর জন্য) | সার আমদানিকারক পরিষদ | আমদানি নীতি আদেশ প্যারা ২৬(১১) ষষ্ঠ অধ্যায় | |
| ১০। | তৈজক্রিয় পদার্থ (ক্লাস ৭) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির অনুমতি পত্র। | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | আমদানি নীতি আদেশ প্যারা ২৬ (৭) ষষ্ঠ অধ্যায় | |
| ১১। | রাসায়নিক অস্ত্র (আমদানি নীতি আদেশের পরিশিষ্ট-৩ এ উল্লেখিত ক্যামিকেলসমূহ) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। তালিকা ভূক্তির সনদপত্র। | বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ক্যামিকেল উইপনস কনভেনশন | আমদানি নীতি আদেশ প্যারা ২৬ (৫৯) ষষ্ঠ অধ্যায় | |
| ১২। | বিয়ার ও সকল প্রকার মদ (ক্লাস-৩ ইউএন নং-৩০৬৫) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির লাইসেন্স বা অনুমতিপত্র | মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর | আমদানি নীতি আদেশ প্যারা ২৪ (৪) পঞ্চম অধ্যায় | |
| | | ৩। বিশেষ অনুমোদন | বানিজ্য মন্ত্রনালয় | আমদানি নীতি আদেশ প্যারা ২৪ (৪) পঞ্চম অধ্যায় | |
| ১৩। | মৎস্য খাদ্য ও পশুর খাদ্য (ক্লাস-৪.২ ইউএন নং-১৩৭৪) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। তেজক্রিয়তার সনদপত্র | রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ | আমদানি নীতি আদেশ প্যারা ১৭ চতুর্থ অধ্যায় | |
| | | ৩। ক্লোরোমফিনিকল ও নাইট্রোফিউরানসহ ক্ষতিকর ঔষধ, হরমোন ও স্টেরয়েড মুক্ত সনদপত্র। (শুধুমাত্র মৎস্য খাদ্য) | রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ | আমদানি নীতি আদেশ প্যারা ১৭ চতুর্থ অধ্যায় | |
| | | ৪। অনুমতিপত্র | মৎস্য ও প্রাণীসম্পদ অধিদপ্তর | আমদানি নীতি আদেশ প্যারা ১৭ চতুর্থ অধ্যায় | |
| | | ৫। ক্লোরোমফিনিকল ও নাইট্রোফিউরান ও এন্টিবায়টিক এবং মেলামাইন মুক্ত সনদপত্র (শুধুমাত্র পশু খাদ্য)। | রপ্তানিকারক দেশের উপযুক্ত কর্তৃপক্ষ | আমদানি নীতি আদেশ প্যারা ১৭ চতুর্থ অধ্যায় | |

| ক্রঃ নং | বিপদজনক পণ্যের নাম | প্রয়োজনীয় দলিলাদি | প্রদানকারী কর্তৃপক্ষ | প্রাধিকার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৪। | ঔষধ ও ঔষধ শিল্পের কাঁচামাল | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। অনুমতিপত্র | ঔষধ প্রশাসন অধিদপ্তর | আমদানি নীতি আদেশ প্যারা ২৪ (৬) পঞ্চম অধ্যায়, ২৬ (১৬, ১৭, ১৮, ১৯) ষষ্ঠ অধ্যায় | |
| ১৫। | ফরমালডিহাইড, প্যারামরমালডিহাইড এবং ফরমালিন (ক্লাস-৩, ৮, ৪.১ ইউএন নং-১১৯৮, ২২০৯, ২২১৩) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির ছাড়পত্র | বানিজ্য মন্ত্রনালয় | আমদানি নীতি আদেশ প্যারা ২৪ (৪০) পঞ্চম অধ্যায় | |
| ১৬। | পোল্ট্রি ও পোল্ট্রিজাত শিল্পের ভ্যাকসিন ও ডায়াগনস্টিক রিএজেন্ট | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। আমদানির অনুমতিপত্র | মৎস্য ও প্রাণীসম্পদ অধিদপ্তর | আমদানি নীতি আদেশ প্যারা ১৭ (৬) চতুর্থ অধ্যায় | |
| ১৭। | ক্যামিকেল (যে সকল ক্ষেত্রে সঠিক টেকানিকেল নাম ব্যবহার করা হয়না) | ১। বিএল, ইনভয়েজ এবং প্যাকিং লিস্ট | | শিপিং ডকুমেন্টস | |
| | | ২। মেটেরিয়াল সেফটি ডাটা সীট (MSDS) | উৎপাদনকারী | পোর্ট রেগুলেশন প্যারা ১৮৭, ১৮৮ এগার অধ্যায় | |